# এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ

এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত এবং সরকার অনুমোদিত একটি অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য উন্নতমানের শিক্ষাদানের মাধ্যমে এমন মানবসম্পদ তৈরী করা যারা হবে পেশাগতভাবে দক্ষ, নৈতিকতায় উন্নত এবং দেহমনেসুস্থ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি অত্র বিশ্ববিদ্যালয়ের আচার্য। অধ্যাপক ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক, প্রতিষ্ঠাতা।

## শিক্ষার মান ও স্বীকৃতি

এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত উচ্চতর ডিগ্রী প্রদানকারী এবং মানবসম্পদ ও নৈতিক মান উন্নয়নকারী একটি পূণাঙ্গ বিশ্ববিদ্যালয়।

১. এ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত এবং বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হওয়ার কারণে এর ডিগ্রী সকল সরকারি সেরকারি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীর সমমানের এবং চাকুরির ক্ষেত্রে এর ডিগ্রী স্বীকৃত ও পরবর্তী উচ্চতর শিক্ষার জন্যে গ্রহণযোগ্য।

২. এ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম প্রণয়ন করেছেন দেশী ও বিদেশী খ্যাতনামা পণ্ডিত ও শিক্ষাবিদ। এ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিশ্বের যে কোন বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমের সাথে তুলনীয়।

৩. এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান তদারকি ও শিক্ষাকার্যক্রমে সহযোতি করার জন্যে রয়েছে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত একটি আন্তর্জাতিক উপদেষ্টা পরিষদ।

৪. এ বিশ্ববিদ্যালয়ের সুইজারল্যান্ড ভিত্তিক আন্তর্জাতিক Accreditation Board এবং শিক্ষা-উন্নয়ন সংস্থা APICS কর্তৃক স্বীকৃত এবং এ সংস্থা দুটির সদস্য।

৫. বিশ্বের যে সব খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের সাথে এ বিশ্ববিদ্যালয় পারস্পরিক শিক্ষা সহযোগিতামূলক চুক্তিতে আবদ্ধ তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে - ইউনিভার্সিটি অব ওয়েস্ট ফ্লোরিডা (যুক্তরাষ্ট), অ্যাসল্যান্ড ইউনিভার্সিটি (যুক্তরাষ্ট), ইউনিভার্সিটি সাউদার্ন কুইন্সল্যান্ড (অস্ট্রেলিয়া), ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি (মালয়েশিয়া), ইয়ারমুক ইউনিভার্সিটি (জর্ডান), ইউনিভার্সিটি অব জর্ডান এবং তেরান ইউনিভার্সিটি (ইরান)।

# বাংলা বিভাগ পরিচিতি

১৯৯৬ সালে এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ যে কয়টি বিভাগ নিয়ে যাত্রা শুরু করেছিল বাংলা বিভাগ তার একটি। স্নাতক ও স্নাতকোত্তর দু'টি পর্যায়ে একই সাথে ডিগ্রী প্রদানের ব্যবস্থা করা হয় বিভাগটিতে। অত্যন্ত প্রতিযোগিতামূলক বর্তমান বিশ্বে বাজার চাহিদামূলক বিভিন্ন বিষয়ের মাঝে এই বিভাগের শিক্ষার্থীদের বাংলাভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগী করে গড়ে তোলার জন্য এবং কর্মক্ষেত্রে সফলতার স্বাক্ষর রাখার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি নানারকম সহশিক্ষা কার্যক্রম নিয়মিত পালন করা হয় বিভাগটিতে । যার মধ্যে রয়েছে সেমিনার, দেয়াল পত্রিকা প্রকাশ, সাহিত্য পত্রিকা প্রকাশ, সাহিত্য জগতের পথিকৃত ব্যক্তিদের উপর আলোচনা অনুষ্ঠান, তাঁদের জন্ম ও মৃত্যু দিবস পালন, নবীনবরণ, বিদায় অনুষ্ঠান, সাহিত্যের নানা ক্ষেত্রে অবদান রাখা শিক্ষার্থীদের সম্মাননা প্রদান, শিক্ষাসফর ইত্যাদি।

বিশ্ববিদ্যালয়ের সাহিত্য বিষয়ক একমাত্র মুখপত্র এইউবি সাহিত্য পত্রিকা নিয়মিত প্রকাশিত হয় বাংলা বিভাগ থেকে। এই পত্রিকাটি পুরো বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভেতরে পড়াশুনার পাশাপাশি সৃষ্টিশীল ও সৃজনশীল মন ও মনন জাগ্রত করার লক্ষে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে প্রকাশ হয়ে থাকে।

## বাংলা বিভাগের উদ্দেশ্য

বাংলা স্নাতক সম্মান প্রোগ্রামের উদ্দেশ্য হলো জীবনের সর্বস্তরে একজন শিক্ষার্থীকে বাংলা ভাষা ও সাহিত্যে আধুনিক জ্ঞানের সমন্বয়ে একজন প্রকৃত জ্ঞানী হিসেবে গড়ে তোলা। বাংলা ভাষার ইতিহাস ও বাংলা সাহিত্যের আদি, মধ্য ও আধুনিক যুগ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিয়ে আধুনিক যুগের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করে ব্যক্তিজীবন ও বৃহত্তর সমাজজীবনে ঐতিহ্য ও সংস্কৃকি প্রতিষ্ঠা করা এবং এর পাশাপাশি শিক্ষার্থীর পেশাগত জীবনে সফলতার বহুমুখী দ্বার অবারিত করা। এছাড়াও শিক্ষার্থীদের গবেষণা ভিত্তিক শিক্ষা প্রদানের মাধ্যমে তাদের গবেষণার প্রতি আগ্রহী করে তোলা। এর নাধ্যমে তারা তাদের ভাবনাগুলোকে উন্নত করবে ও তাদেরকে স্বাধীন ও মুক্তভাবনার অধিকারী করে তুলবে।

## বাংলা বিভাগের লক্ষ্য

বাংলা স্নাতক সম্মান প্রোগ্রামের লক্ষ্য হলো মানসম্মত শিক্ষাদানের মাধ্যমে স্নাতকধারীদের পেশাগতভাবে দক্ষ, নৈতিকভাবে ন্যায়পরায়ণ এবং সামাজিকভাবে দায়িত্ববান করে তোলা। মানব সম্পদ উন্নয়নে উৎসাহিত করা এবং জাতীয় এবং বৈশ্বিক প্রয়োজনে বিজ্ঞান, প্রোকৌশল, বাণিজ্য, মানবিক ও অন্যান্য ক্ষেত্রে ভূমিকা এবং নেতৃত্বদানের গুণ বিনির্মাণ করা। জ্ঞানের ক্ষেত্রে সমৃদ্ধি ও শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য ব্যবহারিক জ্ঞানের সাথে বাস্তবশিক্ষা, গবেষণা, আবিষ্কারের সংযুক্ততা আনয়ন করা। চলমান বিশ্বে বাজার চাহিদামূলক বিষয়গুলোতে শিক্ষার্থীরা শুধুমাত্র চাকচিক্যময় বিলাস বহুল জীবনের সন্দান পেয়ে থাকে। কিন্তু মনের চাকচিক্যতা তারা খুঁজে পায় না এবং যা থাকে তাও হারিয়ে ফেলে। এর ফলে সৃজনশীরতা ও মননশীলতা হারিয়ে যাচ্ছে শিক্ষার্থীদের মন তেকে। আর এর অভাবে নানা টানা পোড়েনে আক্রান্ড়হচ্চে সমাজ। এইউবি শিক্ষার্থীদের ভেতর সাহিত্য রস জাগিয়ে তাদের মনকে মনশীলতার দিকে ধাবিত করার প্রয়াসে বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে থাকে এই বিভাগে। বাংলা ভাষা ও সাহিত্যের প্রতি আকৃষ্ট করাই এর মূল লক্ষ্য।

## সুযোগ সুবিধা

১. বছরে দুইবার ভর্তির সুযোগ। জানুয়ারি-জুন (স্প্রিং সেমিস্টার), জুলাই-ডিসেম্বর (সামার সেমিস্টার)।
২. ভর্তির ক্ষেত্রে উন্মুক্ত বয়স। চাকুরী বা ঘর-সংসার করেও উচ্চতর ডিগ্রী লাভ।
৩. স্বল্প শিক্ষা খরচ।
৪. মেধাবীদের জন্য বিশেষ সুবিধা।
৫. অস্বচ্ছলদের জন্য আর্থিক সহায়তা।
৬. মুক্তিযোদ্ধাদের সন্তানের জন্য সম্পূর্ণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ।
৭. উচ্চতর ডিগ্রীপ্রাপ্ত শিক্ষকমন্ডলীদ্বারা পাঠদান।
৮. সমৃদ্ধ কেন্দ্রীয় পাঠাগার ছাড়াও বিভাগের নিজস্ব সমৃদ্ধ পাঠাগার।
৯. প্রতি সেমিস্টারে মেধাবৃত্তি।
১০. বিভিন্ন বিষয়ের উপর নিয়মিত সেমিনার, কর্মশালা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান পালন।
১১. প্রতি বছর শিক্ষা সফরের সুযোগ ।

## শিক্ষা পদ্ধতি

সেমিস্টার পদ্ধতিতে শিক্ষাদান করা হয় এখানে। বছরে ২টি সেমিস্টারে শিক্ষার্থী ভর্তি করা হয়। ছয়মাসে একটি সেমিস্টার গণনা করা হয়। জানুয়ারি-জুন (স্প্রিং সেমিস্টার), জুলাই-ডিসেম্বর (সামার সেমিস্টার)।

## শিক্ষাদান প্রক্রিয়া

ক) বিএ (সম্মান) : চার বছরে সম্পন্ন হবে অনার্স কোর্স। চার বছরে মোট ৮টি সেমিস্টার। প্রতি সেমিস্টারে ১৪ সপ্তাহ ক্লাস অনুষ্ঠিত হবে। ডিগ্রী অর্জনের জন্য সর্বনিম্ন ১৪৪ ক্রেডিট সম্পন্ন করতে হবে একজন শিক্ষার্থীকে। একজন শিক্ষার্থী প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ২৭ ক্রেডিট পর্যন্ত রেজিস্ট্রেশন করতে পারবে। স্নাতক সম্মান-এর ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদকাল সাত বছর।

খ) এম.এ . :দুই বছরে সম্পন্ন হবে এম.এ. বাংলা কোর্স। A, B, C, D এই গ্রুপেচারটি গ্রুপে বিভক্ত এম এ ডিগ্রীর কোর্স সমূহ। ডিগ্রী অর্জনের জন্য সর্বনিম্ন A গ্রুপের জন্য ৪২ ক্রেডিট, B গ্রুপের জন্য ৪২ ক্রেডিট, C গ্রুপের জন্য 54 ক্রেডিট, D গ্রুপের জন্য ৬৬ ক্রেডিট সম্পন্ন করতে হবে একজন শিক্ষার্থীকে। একজন শিক্ষার্থী প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ২৭ ক্রেডিট পর্যন্ত রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সেমিস্টারে ১৪ সপ্তাহ ক্লাস অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদকাল চার বছর।

উল্লেখ্য, উভয় ক্ষেত্রে সার্টিফিকেট প্রাপ্তির জন্য প্রতিটি কোর্সে সর্বনিম্ন CGPA 2.25 থাকতে হবে। পরীক্ষার পর বিশ দিনের মধ্যে ফলাফল প্রদান করা হয়। ভর্তির পর থেকে রেজিস্ট্রেশনের মেয়াদকালের মধ্যে শিক্ষার্থীগণ কোর্স সম্পন্ন করতে পারবেন। D গ্রেড, F গ্রেড এবং I গ্রেড অর্জনকারীদের অবশ্যই পুনঃপরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ হতে হবে। C গ্রেড অর্জনকারীগণও পুনঃপরীক্ষার মাধ্যমে মানোন্নয়নের সুযোগ পাবেন। উল্লেখ্য, এক্ষেত্রে এ সুযোগ রেজিস্ট্রেশনের মেয়াদকালের মধ্যে সীমাবদ্ধ।

প্রতিটি কোর্সের ১০০ নম্বরের মান বন্টন প্রক্রিয়া : সেমিস্টার ফাইনাল - ৫০, মিডটার্ম - ২০, ক্লাসটেস্ট-১০, এ্যাসাইনমেন্ট -১০, উপস্থিতি -১০। সর্বমোট- ১০০

ফলাফল পদ্ধতি : গ্রেডিং পদ্ধতিতে ফলাফল প্রদান করা হয়।

গ্রেডিং পদ্ধতির নিয়ম : দুটি পদ্ধতিতে ফলাফল মূল্যায়ন করা হয়।

১। GPA অর্থাৎ Grade point average। এটি মূলত প্রতি সেমিস্টারে প্রাপ্ত গ্রেড সমূহের weighted average (ওয়েটেড এভারেজ)। উল্লেখ্য, D গ্রেড, F গ্রেড, ও I গ্রেড প্রাপ্তদের ক্ষেত্রে ফলাফল মূল্যায়নে GPA গণনা করা হয় না।

২। CGPA অর্থাৎ cumulative grade point average. এটি সামগ্রীক মূল্যায়ন্ নির্ধারিত সবকটি সেমিস্টারে প্রাপ্ত GPA এবং ক্রেডিট ঘন্টার চূড়ান্ত মূল্যায়ন। উলেখ্য এক্ষে D গ্রেড F গ্রেড ও I গ্রেড প্রাপ্তদের ক্ষেত্রে CGPA গননা করা হয় না। D গ্রেড, F গ্রেড এবং I গ্রেড অর্জনকারীদের অবশ্যই পুনঃপরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ হতে হবে।

ভর্তির যোগ্যতা :

ক) বাংলায় স্নাতক সম্মান প্রোগ্রামে ভর্তির জন্য একজন শিক্ষার্থীর সর্বনিম্ন যোগ্যতা- এসএসসি, এইচএসসি অথবা সমমানের পাবলিক পরীক্ষায় উত্তির্ণ হতে হবে এবং একজন শিক্ষার্থীর এসএসসি, এইচএসসি অথবা সমমানের পাবলিক পরীক্ষায় সর্বনিম্ন CGPA 2.5 থাকতে হবে।

খ) বাংলায় এম.এ প্রোগ্রামে ভর্তির জন্য একজন শিক্ষার্থীর সর্বনিম্ন যোগ্যতা- এসএসসি CGPA 2.5, এইচএসসি CGPA 2.5, স্নাতক ও সম্মান CGPA 2.5 থাকতে হবে।

ভর্তি পদ্ধতি

ক) অতীতের শিক্ষাকার্যক্রমের সনদপত্র যাচাই বাছাই করে, প্রয়োজনবোধে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হয়।
খ) সংশ্লিষ্ট ব্যাংকে নির্ধারিত টিউশন ফি প্রদান।

সংযুক্তি :

ক) নির্ধারিত ফরম পূরণ করা, খ) প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি, গ) পাঁচ কপি পাসপোর্ট সাইজের ছবি,

# বিএ (সম্মান)

সেমিস্টার ভিত্তিক কোর্স বন্টন

| Sl. | 1st Year - 1st Semister | |
|---|---|---|
| 1 | 0231-1001 | Bengali Language and Literature |
| 2 | 0231-1102 : | History of Bengali Literature I |
| 3 | 0231-1103: | Old and Early Middle Bengali Literature |
| 4 | 0231-1104: | Middle Bengali Literature I |
| 5 | 0231-1105: | Middle Bengali Literature II |
| 6 | 0223- 1207 | Islamic Ethics |
| | 1st Year 2nd Semister | |
| 7 | 0231-1206 | Middle Bengali Literature III |
| 8 | 0231-1207: | Middle Bengali Literature IV |
| 9 | 0231-1209: | Bengali Folk Literature |
| 10 | 0231-1210: | Manuscript Study and Editing |
| 11 | 0231-2311: | History of Bengali Literature II |
| 12 | 0314- 1103: | Comparative Social System |
| | 2nd Year 1st Semister | |
| 13 | 0231-2312 | Modern Bengali Epics |
| 14 | 0231-2313: | Modern Bengali Poetry I |
| 15 | 0231-2314: | Modern Bengali Poetry II |
| 16 | 0231-2416: | Modern Bengali Poetry IV |
| 17 | 232-1004 | Intensive English Language I |
| 18 | 0413- 1201: | Principles of Menagement |
| | 2nd Year -2nd Semister | |
| 19 | 0231-2417: | Poetry of Bangladesh |
| 20 | 0231-2418: | Modern Bengali Katha-sahitya I |
| 21 | 0231-2419: | Modern Bengali Katha-sahitya II |
| 22 | 0231-2420: | Modern Bengali Katha-sahitya III |
| 23 | 0311- 2308: | Comparative Economic System |
| 24 | 0312- 2210: | Bangladesh Studies |
| | | |
| | 3rd Year 1st Semister | |
| 25 | 0231-3521: | Modern Bengali Katha-sahitya IV |
| 26 | 0231-3522: | Bengali Drama I |
| 27 | 0231-3523: | Bengali Drama II |
| 28 | 0231-3524: | Translation of World Classics |

| | | |
|---|---|---|
| 29 | 0312-1208 | Comparative Political System |
| 30 | 0222-2410 | History of Emergence of Bangladesh |
| | 3rd Year - 2nd Semister | |
| 31 | 0231-3525 | Modern Bengali Essays |
| 32 | 0231-3626 | Literary Forms, Rhetoric and Prosody |
| 33 | 0231-3628 | Linguistics |
| 34 | 0231-3630 | Phonetics |
| 35 | 0222- 1105 | Islamic History |
| 36 | CSE 1101 | Basics of Computers |
| | 4th Year 1st Semister | |
| 37 | 0231-4731 | Bengali Grammar |
| 38 | 0231-4734 | Literature of Bangladesh I |
| 39 | 0231-4735 | Literature of Bangladesh II |
| 40 | 0231-4736 : | Bengali Travelogues |
| 41 | 0221-1101 | Introduction to Islam |
| 42 | LAW-4845: | Comparative Legal System |
| | 4th Year 2nd Semister | |
| 43 | 0231-4737 : | Short Stories of Bangladesh-1 |
| 44 | 0231-4738: | Bangladeshi Children‘s Literature |
| 45 | 0231-4740 : | Literature of Liberation War of Bangladesh-1 |
| 46 | 0231-4742 | Literary research : Theory and Practice |
| 47+48 | 0231-4801 : | Thesis (6 credit) |

# এম.এ

## সেমিস্টার ভিত্তিক কোর্স বন্টন

গ্রুপ A- যারা এইউবি থেকে বাংলায় বি.এ (অনার্স) পাস করেছেন তাদের জন্য। A গ্রুপের জন্য ৪২ ক্রেডিট ।

গ্রুপ B - যারা এইউবি ছাড়া অন্য বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় বি.এ (অনার্স) ও প্রিলিমিনারি পাস করেছেন তাদের জন্য। B গ্রুপের জন্য ৪২ ক্রেডিট।

গ্রুপ C - যারা ডিগ্রী পর্যায়ে বাংলা বিষয়ে ৩০০ নম্বরের কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য। গ্রুপ C গ্রুপের জন্য 54 ক্রেডিট।

গ্রুপ D - যারা ডিগ্রী পর্যায়ে বাংলা বিষয়ে ৩০০ নম্বরের কম কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য। D গ্রুপের জন্য ৬৬ ক্রেডিট।

Group-A - 42 credit hours

For those who have obtained Graduation (BA Hons) from AUB

যারা এইউবি থেকে বাংলায় বি.এ (অনার্স) পাস করেছেন তাদের জন্য

গ্রুপ A ডিগ্রীর জন্য সর্বমোট নম্বর ১৪০০, কোর্স সংখ্যা ১৪ এবং ৪২ ক্রেডিট

| Sl. | 1st Year - 1st Semister | |
|---|---|---|
| 1 | 0231- 5101 | Modern Poetry I |
| 2 | 0231- 5102 | Modern Poetry II |
| 3 | 0231-5103 | Modern Poetry III |
| 4 | 0231- 5104 | Modern Poetry IV |
| 5 | 0231- 5206 | Modern Prose II |
| 6 | 0231- 5208 | Post-independence Literature of Bangladesh |
| | 1st Year 2nd Semister | |
| 7 | 0231- 5309 | Literary works of Rabindranath Tagore |
| 8 | 0231- 5310 | History of Bengali Language |
| 9 | 0231- 4732 | Post '30s Literature I |
| 10 | 0231- 4733 | Post '30s Literature II |
| 11 | 0231- 5314 | Literary Works of Kazi Nazrul Islam |
| 12 | 0231-5316 | Novels of Bangladesh -1 |
| | 2nd Year 1st Semister | |
| 13+14 | 0231-5401 | Thesis (6 credit) |

Group-B - 42 credit hours

For those who have obtained Graduation other than AUB

যারা এইউবি ছাড়া অন্য বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় বি.এ (অনার্স) ও প্রিলিমিনারি পাস করেছেন তাদের জন্য গ্রুপ B ডিগ্রীর জন্য সর্বমোট নম্বর ১৪০০, কোর্স সংখ্যা ১৪ এবং ৪২ ক্রেডিট ।

| Sl. | 1st Year - 1st Semister | |
|---|---|---|
| 1 | 0231- 5101 | Modern Poetry I |
| 2 | 0231- 5102 | Modern Poetry II |
| 3 | 0231-5103 | Modern Poetry III |
| 4 | 0231- 5104 | Modern Poetry IV |
| 5 | 0231- 5206 | Modern Prose II |
| 6 | 0231- 5208 | Post-independence Literature of Bangladesh |
| | 1st Year 2nd Semister | |
| 7 | 0231- 5309 | Literary works of Rabindranath Tagore |
| 8 | 0231- 5310 | History of Bengali Language |
| 9 | 0231-5316 | Novels of Bangladesh -1 |
| 10 | 0231- 4732 | Post '30s Literature I |
| 11 | 0223- 1207 | Islamic Ethics |
| 12 | 0314- 1103 | Comparative Social System |
| | 2nd Year 1st Semister | |
| 13+14 | 0231-5401 | Thesis (6 credit) |

## Group-C - 54 credit hours

যারা ডিগ্রী পর্যায়ে বাংলা বিষয়ে ৩০০ নম্বরের কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য
গ্রুপ B ডিগ্রীর জন্য সর্বমোট নম্বর ১৮০০, কোর্স সংখ্যা ১৮ এবং ৫৪ ক্রেডিট

| Sl. | $1^{st}$ Year - $1^{st}$ Semister | |
|---|---|---|
| 1 | 0231- 5101 | Modern Poetry I |
| 2 | 0231- 5102 | Modern Poetry II |
| 3 | 0231-5103 | Modern Poetry III |
| 4 | 0231- 5104 | Modern Poetry IV |
| 5 | 0231- 5206 | Modern Prose II |
| 6 | 0231- 5208 | Post-independence Literature of Bangladesh |
| | $1^{st}$ Year $2^{nd}$ Semister | |
| 7 | 0231- 5309 | Literary works of Rabindranath Tagore |
| 8 | 0231- 5310 | History of Bengali Language |
| 9 | 0231-1001 | Bengali Language and Literature |
| 10 | 0231- 5314 | Literary Works of Kazi Nazrul Islam |
| 11 | 0231- 4732 | Post '30s Literature I |
| 12 | 0231—4731 | Bengali Grammar |
| | $2^{nd}$ Year $1^{st}$ Semister | |
| 13 | 0231-4742 | Literary research : Theory and Practice |
| 14 | 0223- 1207 | Islamic Ethics |
| 15 | 0314- 1103 | Comparative Social System |
| 16 | 0222-2410 | History of Emergence of Bangladesh |
| 17+18 | 0231-5401 | Thesis (6 credit) |

## Group-D - 66 credit hours

যারা ডিগ্রী পর্যায়ে বাংলা বিষয়ে ৩০০ নম্বরের কম কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য

গ্রুপ D ডিগ্রীর জন্য সর্বমোট নম্বর ২২০০, কোর্স সংখ্যা ২২ এবং ৬৬ ক্রেডিট ।

| Sl. | 1st Year - 1st Semister | |
|---|---|---|
| 1 | 0231- 5101 | Modern Poetry I |
| 2 | 0231- 5102 | Modern Poetry II |
| 3 | 0231-5103 | Modern Poetry III |
| 4 | 0231- 5104 | Modern Poetry IV |
| 5 | 0231- 5206 | Modern Prose II |
| 6 | 0231- 5208 | Post-independence Literature of Bangladesh |
| | 1st Year 2nd Semister | |
| 7 | 0231- 5309 | Literary works of Rabindranath Tagore |
| 8 | 0231- 5310 | History of Bengali Language |
| 9 | 0231- 4732 | Post '30s Literature I |
| 10 | 0231- 4733 | Post '30s Literature II |
| 11 | 0231- 5314 | Literary Works of Kazi Nazrul Islam |
| 12 | 0231-5316 | Novels of Bangladesh -1 |
| | 2nd Year 1st Semister | |
| 13 | 0231—4731 | Bengali Grammar |
| 14 | 0223- 1207 | Islamic Ethics |
| 15 | 0314- 1103 | Comparative Social System |
| 16 | 0222-2410 | History of Emergence of Bangladesh |
| 17 | 0231-4742 | Literary research : Theory and Practice |
| 18 | 0231- 1209 | Bengali Folk Literature |
| | 2nd Year -2nd Semister | |
| 19 | 0231-1001 | Bengali Language and Literature |
| 20 | 0231-5315 | Short Stories of Bangladesh-2 |
| 21+22 | 0231-5401 | Thesis (6 credit) |